=০১=

ঢাকা ওয়াসা

বিষয় ঃ স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- (দশ হাজার) টাকা হইতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকায় উন্নীতকরণ প্রসঙ্গে।

১। মড্‌স জোন-২ এর আওতাধীন এলাকার অধিকাংশ পানি ও পয়ঃ লাইনসমূহ অতি পুরাতন হওয়ায় ইহার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজও বেশি করিতে হয়। বিদ্যমান মড্‌স জোন-২ এর এলাকা ভাঙ্গিয়া অন্য কোনো জোন সৃষ্টি করা হয় নাই। বরং বেড়িবাঁধ সংলগ্ন ভিতরের অংশে বাড়িঘরের পরিমান বৃদ্ধি পাইয়াছে। ইহা ছাড়াও গভীর নলকূপের সংখ্যা বৃদ্ধি ও সায়েদাবাদ পানি শোধনাগার প্রকল্প, ফেজ-২ চালু হওয়ার পর পানির উৎপাদন বৃদ্ধি পাওয়ায় বিদ্যমান মেইন পানির লাইনে পানির চাপ বাড়ায় সার্ভিস সংযোগ স্থলে লিকেজ সহ ইহার মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় অনেক বৃদ্ধি পাইয়াছে। কাজেই পূর্বের তুলনায় বর্তমানে খরচের পরিমান অনেকগুণ বৃদ্ধি পাইয়াছে।

২। মড্‌স জোন-২, ঢাকা ওয়াসার পানি ও পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং অফিস পরিচালনা কাজের ব্যয় মিটানোর জন্য ইতোপূর্বে প্রতি কিস্তিতে ১০,০০০/- টাকা স্থায়ী দাদন হিসাবে ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়াছিল। তৎপ্রেক্ষিতে উক্ত কিস্তির টাকা প্রতি মাসে ৪ (চার) টি অর্থাৎ সর্বোচ্চ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা বিভাগীয় ক্ষুদ্র মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হইতেছে।

৩। বর্তমান প্রেক্ষাপটে শ্রমমূল্যসহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামালের বাজার দর উর্ধ্বমুখী হওয়ায় প্রতি কিস্তিতে স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- টাকার মধ্যে ব্যয় সংকুলান করা সম্ভব হইতেছে না। ফলে প্রতি মাসেই বিভাগীয় খরচের টাকার ভাউচার অসমন্বিত থাকিয়া যাইতেছে।

৪। ইতোপূর্বেই অনেক মড্‌স জোনের স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- (দশ হাজার) টাকা হইতে ২০,০০০/- (বিশ হাজার) টাকায় উন্নীত করা হইয়াছে। পানির অপচয় হ্রাস এবং পয়ঃ ওভারফ্লো নিরসনকল্পে ও ম্যানহোল কভার পুনঃস্থাপন কাজে জরুরি ভিত্তিতে মড্‌স জোন-২ এর স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- (দশ হাজার) টাকা হইতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকায় উন্নীত করা প্রয়োজন। ইহাতে ভৌত সেবা খাতে ব্যয়ের উপর অর্পিত চাপ অনেকাংশে হ্রাস পাইবে।

৫। এমতাবস্থায় উপরোক্ত বর্ণনার আলোকে মড্‌স জোন-২ এর স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- (দশ হাজার) টাকা হইতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকায় উন্নীত করার অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হইল।

মোঃ সিদ্দিকুর রহমান
সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-২
ঢাকা ওয়াসা

(মোঃ ইমদাদুল হক)
নির্বাহী প্রকৌশলী
মড্‌স জোন-২, ঢাকা ওয়াসা।

প্রকৌঃ এম.এ মান্নান মিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

C.E

SE (MODS-1)

SE (MODS-1)

EE, Z-2

D:\MODS Zone-2\Note\Note (Siddique-AE).doc

প্রকৌঃ এম.এ মান্নান মিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

SE (MODS-1)

মোহাম্মদ শাহজাহান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

CamScanner

প্রকৌঃ এম.এ মান্নান মিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৮। অবগত করানো যাইতেছে যে, মড্‌স জোন-২ এর আওতাধীন অধিকাংশ এলাকার পানি ও পয়ঃ লাইনসমূহ অতি পুরাতন হওয়ায় ইহার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজও বেশি করিতে হয়। ওয়াসার সেবা বৃদ্ধির লক্ষ্যে অনেক জোন ভাঙ্গিয়া পৃথক মড্‌স জোন সৃষ্টি করা হইয়াছে। কিন্তু মড্‌স জোন-২ এর এলাকা ভাঙ্গিয়া অন্য কোনো জোন সৃষ্টি করা হয় নাই। বরং ঢাকা শহর রক্ষা বাঁধ সংলগ্ন ভিতরের অংশে বাড়িঘরের পরিমান বৃদ্ধি পাইয়া জোনের পরিধি বৃদ্ধি পাইয়াছে। ইহা ছাড়াও গভীর নলকূপের সংখ্যা ও সায়েদাবাদ পানি শোধনাগার প্রকল্প ফেজ-২ চালু হওয়ার পর পানির উৎপাদন অনেক বৃদ্ধি পাওয়ায় বিদ্যমান মেইন পানির লাইনে চাপ বাড়িয়াছে। ইহাতে সার্ভিস সংযোগ স্থলে লিকেজ সহ উহার মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় অনেক গুণ বৃদ্ধি পাইয়াছে।

৯। ঢাকা ওয়াসার মড্‌স জোনসমূহের জরুরি মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় মিটানোর জন্য স্থায়ী দাদনের প্রথা চালু আছে। একইভাবে মড্‌স জোন-২, ঢাকা ওয়াসার জরুরি পানি ও পয়ঃ লাইন মেরামত, রক্ষণাবেক্ষণ এবং অফিস পরিচালনা ব্যয় মিটানোর জন্য বহুপূর্ব হইতে প্রতি কিস্তিতে ১০,০০০/- টাকা স্থায়ী দাদন প্রদান করা হইতেছে। যাহা প্রতি মাসে ৪ (চার) টি অর্থাৎ সর্বোচ্চ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা বিভাগীয় ক্ষুদ্র মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ শেষে প্রতি ভাউচার সর্বোচ্চ ১,০০০/- (এক হাজার) টাকা এর মাধ্যমে সমন্বয় করা হইতেছে। বর্তমান প্রেক্ষাপটে শ্রমমূল্যসহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামালের বাজার দর উর্ধ্বমুখী হওয়ায় প্রতি কিস্তিতে স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- টাকার মধ্যে ব্যয় সংকুলান করা সম্ভব হইতেছে না। ইহাতে প্রতি মাসেই বিভাগীয় খরচের টাকার ভাউচার অসমন্বিত থাকিয়া যাইতেছে।

১০। ইতোপূর্বে অনেক মড্‌স জোনের স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- (দশ হাজার) টাকা হইতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পর্যন্ত উন্নীত করা হইয়াছে। ক্রমিক নং-১ এ ইহার ১ (এক) টি কপি সংযুক্ত করা হইল। পানির অপচয় হ্রাস এবং পয়ঃ ওভারফ্লো নিরসনকল্পে ও ম্যানহোল কভার পুনঃস্থাপন কাজে মড্‌স জোন-২ এর স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- (দশ হাজার) টাকা হইতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকায় উন্নীত করণের প্রস্তাব কিছুদিন পূর্বে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করা হইয়াছিল। কিন্তু প্রধান প্রকৌশলী মহোদয় পরবর্তীতে নথিটি উপস্থাপনের জন্য বলায় (অনুঃ-৬) দীর্ঘদিন পরে নথিটি পুনরায় উপস্থাপন করা হইল।

D:\MODS Zone-2\Note\Note (Siddique-A.E).doc

ঢাকা ওয়াসা

১১। জরুরি ভিত্তিতে মড্‌স জোন-২ এর স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- (দশ হাজার) টাকা হইতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকায় উন্নীত করা প্রয়োজন। ইহাতে বিভাগীয় ক্ষুদ্র মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের গতি বৃদ্ধি এবং ভৌত সেবা খাতে ব্যয়ের উপর অর্পিত চাপ অনেকাংশে হ্রাস পাইবে। আলোচ্য স্থায়ী দাদনের অর্থ সরকারি বিধি মোতাবেক প্রতি বৎসরের বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করিয়া ব্যয় মিটানো সম্ভব হইবে।

১২। এমতাবস্থায় উপরোক্ত বর্ণনার আলোকে মড্‌স জোন-২ এর স্থায়ী দাদনের পরিমান ১০,০০০/- (দশ হাজার) টাকা হইতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকায় উন্নীতকরণের প্রস্তাব অনুমোদনের জন্য নথিটি সবিনয়ে পুনরায় উপস্থাপন করা হইল।

22/০৭/০১৪
মোঃ মাহবুব আলম আল-আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-২, ঢাকা ওয়াসা।

22.07.14
মোঃ সিদ্দিকুর রহমান
সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-২
ঢাকা ওয়াসা

(মোঃ ইমদাদুল হক)
নির্বাহী প্রকৌশলী
মড্‌স জোন-২, ঢাকা ওয়াসা

প্রকৌঃ এম.এ মান্নান মিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

SE (MODS-1)

C.E.

মড্‌স জোন-২ এর স্থায়ী দাদন ৳ ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকায় উন্নীত করা যেতে পারে।

মোহাম্মদ শাহজাহান
প্রধান প্রকৌশলী

DMD (O&M)

এস ডি এম কামরুল আলম চৌধুরী
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
ঢাকা ওয়াসা।

29/1/14

প্রকৌঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

D:\MODS Zone-2\Note\Note (Siddique-A.E).doc